

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-২
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০২.৯৮.০০২.২৩.৩৩

তারিখ: ৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর গেজেট অনুসারে আমদানি ও রপ্তানি নিবন্ধন সনদ নবায়ন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানিকারক, রপ্তানিকারক এবং ইন্ডেন্টর (নিবন্ধন) আদেশ, ২০২৩ এর গেজেট গত জানুয়ারি ০৩, ২০২৪ তারিখ প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটের অনুচ্ছেদ ৮ (১) ও ৮(২) -এ নিম্নে বর্ণিত বিধান রয়েছে:

"৮। নিবন্ধন সনদ নবায়ন।- (১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যান্য ৬০ (ষাট) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদনকারীকে অনলাইনে ফরম-৩ অনুযায়ী উল্লিখিত তথ্যাদি ও কাগজপত্র এবং তফসিলে উল্লিখিত ফিসহ অনলাইনে আবেদন দাখিল করিতে হইবে।


(২) যদি কোন আবেদনকারী উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হন, তাহা হইলে তিনি, তফসিলে উল্লিখিত বিলম্ব ফি প্রদান সাপেক্ষে, নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করিতে পারিবেন।"

বর্ণিত বিধানের প্রেক্ষিতে, সকল আমদানিকারক, রপ্তানিকারক, ইন্ডেন্টর এর সুবিধা অনুযায়ী সনদ প্রাপ্তির পর বছরের যে কোন সময় ১ থেকে ৫ বছর মেয়াদে নবায়নের আবেদন করা যাবে। তবে সনদের মেয়াদ শেষ হওয়ার ৬০ (ষাট) দিন পূর্বে আবেদন করলে কোন সারচার্জ দিতে হবে না। কিন্তু মেয়াদ থাকা সত্ত্বেও ৬০ (ষাট) দিন পূর্বে নবায়নের আবেদন না করলে পরবর্তী সময়ে তফসিলে উল্লিখিত সারচার্জ অনুযায়ী বিলম্ব ফি প্রদান করতে হবে।

২। উল্লেখ্য, সকল প্রকার নিবন্ধন সনদ জারি ও নবায়নের ফি OLM এর মাধ্যমে আবেদনের সময় অনলাইনেই প্রদান করতে হবে। কোন প্রকার ম্যানুয়াল চালান গ্রহণ করা হবে না।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে, সেবা গ্রহণের সুবিধার্থে সকল আমদানিকারক/রপ্তানিকারককে তাদের নিবন্ধন সনদের মেয়াদ শেষ হওয়ার ৬০ (ষাট) দিন পূর্বেই নবায়নের আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।



২৩-০১-২০২৪

মোঃ সিরাজুল ইসলাম

উপ নিয়ন্ত্রক

dc.ho@ccie.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর (ফি যথাযথ দিয়েছে কিনা তা যাচাই এবং ট্রাকিং নাম্বারসহ চালান যাচাই করে নথি অনুমোদনের জন্য নবায়ন সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করার অনুরোধসহ);
- ৩। সভাপতি, এফবিসিসিআই, মতিঝিল, ঢাকা (সংশ্লিষ্ট সকল চেম্বার/এসোসিয়েশন কে অবগত করার অনুরোধসহ);
- ৪। নির্বাহী অফিসার, শাখা-০৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৫। জনাব মোঃ নূর-এ-আলম, সিনিয়র সিস্টেম এনালিস্ট ও টিম লিডার, সিনেসিস আইটি লিমিটেড (জরুরি ভিত্তিতে OLM সফটওয়্যারে প্রয়োজনীয় সংশোধন/ডেভেলপমেন্ট করার অনুরোধসহ);
- ৬। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা {অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য} এবং
- ৮। অফিস কপি।



সকল সংযুক্তিসমূহ:

- (১) নিবন্ধন আদেশ_২০২৩